নিজামীর ফাঁসি, ঈশরদীতে আনন্দ মিছিল

ঈশরদী প্রতিনিধি: রাজাকার আলবদর
প্রধান মতিউর রহমান নিজামীর ফাঁসি
কার্যকরের পর ঈশ্বরদী পাকশীসহ
বিভিন্ন স্থানে আনন্দ মিছিল বের
করা হয়।

এ সময় মানুষ বাড়ি থেকে রাস্তায় বেড়িয়ে এসে একে অপরের সাথে আনন্দ বিনিময় করে মিছিল বের করে। তারা দেশমাতৃকার শ্লোগান দিতে দিতে বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে।

আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা, মুক্তিঘোদ্ধা এবং মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মিষ্টি বিতরণ করেন।

পাকশীতে যুবলীগ সভাপতি আব্দুস সালাম ও ছাত্রলীগ সভাপতি জুবায়ের বিশ্বাসের নেতৃত্বে শহরের বিভিন্ন রোডে আনন্দ মিছিল বের করা হয়। মিছিল শেষে রিক্সা স্ট্যান্ডে পথসভায় আব্দুস সালাম, জুবায়ের বিশ্বাস, বিডন জামান, মাসুদ রানাসহ অন্যারা বক্তব্য দেন। পরে তারাও মিষ্টি বিতরণ করে আনন্দ প্রকাশ করেন।

মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার আব্দুর রাজ্জাক, মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা চান্না, এম রশীদ উল্লাহ, হাবিবুল ইসলাম ও আওয়ামী লীগ নেতা আনিসুন্নবী বিশ্বাস মতিউর রহমান নিজামীর ফাঁসি হওয়ায় আনন্দ প্রকাশ করে বলেন, রাজাকার আলবদর প্রধানের ফাঁসির মধ্যদিয়ে জাতি আজ কলংক মুক্ত হয়েছে। ৪৪ বছর পর হলেও যুদ্ধাপরাধীর বিচার হওয়ায় মানুষ খুশি হয়েছে।